﴿٢٠٥﴾ وَاِذَا تَوَلّٰى سَعٰى فِي الْاَرْضِ لِيُفْسِدَ فِيْهَا وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ ۗ

২০৫। অইযা-তাওয়াল্লা-সা'আ-ফিল্ আরদ্বি লিইয়ুফ্সিদা ফীহা-অইয়ুহ্লিকাল্ হার্ছা অন্নাস্লা
(২০৫) যখন সে প্রস্থান করে তখন সে দেশে অশান্তি সৃষ্টি করতে চায় এবং শস্য-ক্ষেত ও জীব-বংশ ধ্বংসের চেষ্টা

وَاللّٰهُ لَا يُحِبُّ الْفَسَادَ ﴿٢٠٦﴾ وَاِذَا قِيْلَ لَهُ اتَّقِ اللّٰهَ اَخَذَتْهُ الْعِزَّةُ

অল্লা-হু লা-ইয়ুহিব্বুল্ ফাসা-দ্। ২০৬। অইযা-ক্বীলা লাহুত্তাক্বি ল্লা-হা আখাযাত্ হুল্ 'ইয্যাতু
করে, আল্লাহ অশান্তি পছন্দ করেন না। (২০৬) যখন তাকে বলা হয় আল্লাহকে ভয় কর, তখন অহঙ্কার তাকে পাপে

بِالْاِثْمِ فَحَسْبُهٗ جَهَنَّمُ ۗ وَلَبِئْسَ الْمِهَادُ ﴿٢٠٧﴾ وَمِنَ النَّاسِ مَنْ يَّشْرِيْ

বিল্ইছ্মি ফাহাস্বুহূ জ্বাহান্নাম্; অলাবি''সাল্ মিহা-দ্। ২০৭। অমিনান্না-সি মাইঁইয়াশ্রী
উদ্বুদ্ধ করে; জাহান্নামই তার জন্য যথেষ্ট, এটা বড়ই নিকৃষ্ট স্থান। (২০৭) মানুষের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহ্র

نَفْسَهُ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ ۗ وَاللّٰهُ رَءُوْفٌ بِالْعِبَادِ ﴿٢٠٨﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا

নাফ্সাহুব্তিগা — য়া মার্দ্বোয়া-তিল্লা-হ্; অল্লা-হু রাউফুম্ বিল্'ইবা-দ। ২০৮। ইয়া~ আইয়্যুহাল্লাযীনা আ-মানুদ্
সন্তুষ্টির লক্ষ্যে নিজেকে বিক্রয় করে। আল্লাহ বান্দাহদের ব্যাপারে বড়ই করুণাময়। (২০৮) হে মু'মিনরা! পরিপূর্ণভাবে

ادْخُلُوْا فِي السِّلْمِ كَآفَّةً ۪ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ۗ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ

খুলূ-ফিস্ সিল্মি কা — ফ্ফাহ্; অলা-তাত্তাবি'উ খুতুব্ওয়া-তিশ্ শাইত্বোয়া-ন্; ইন্নাহূ লাকুম্ 'আদুউয়্যু'ম্
ইসলামে প্রবেশ কর, আর শয়তানের পাদাংক অনুসরণ করো না। সে তোমাদের প্রকাশ্য

مُّبِيْنٌ ﴿٢٠٩﴾ فَاِنْ زَلَلْتُمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَتْكُمُ الْبَيِّنٰتُ فَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ

মুবীন্। ২০৯। ফাইন্ যালাল্তুম্ মিম্ বা'দি মা-জ্বা — আত্কুমুল্ বাইয়্যিনা-তু ফা'লামূ~ আন্নাল লা-হা
শত্রু। (২০৯) স্পষ্ট নিদর্শন আসবার পরও যদি তোমাদের পদস্খলন ঘটে, তবে জেনে রাখ যে, আল্লাহ

عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢١٠﴾ هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ يَّاْتِيَهُمُ اللّٰهُ فِيْ ظُلَلٍ مِّنَ الْغَمَامِ

'আযীযুন্ হাকীম্। ২১০। হাল্ ইয়ানজুরূনা ইল্লা~ আইঁ ইয়া''তিয়াহুমুল্লা-হু ফী জুলালিম্ মিনাল্ গামা-মি
মহাপরাক্রমশালী, মহাবিজ্ঞ। (২১০) তারা কেবল প্রতীক্ষা করছে যে, মেঘের ছায়ায় আল্লাহ ও ফেরেশতারা তাদের কাছে আসুক,

কল্যাণ অন্তর্ভুক্ত রয়েছে। দোয়ার শেষাংশে জাহান্নাম হতে মুক্তির আবেদন রয়েছে। মহানবী (ছঃ) এ দোয়াটি বেশি বেশি করতেন। কতিপয় অজ্ঞ দরবেশ পার্থিব বিষয়ে আল্লাহ তা'আলার নিকট প্রার্থনা করে না, তারা কেবল আখেরাতের কল্যাণ কামানায় দোয়াকে সীমাবদ্ধ রাখতে চায়। অথচ এটি আম্বিয়ায়ে কেরাম (আঃ)-এর সুন্নাতের পরিপন্থি। (মাঃ কোঃ)

শানেনুযূল ঃ আয়াত-২০৮ ঃ হযরত আব্দুল্লাহ্ ইবনে ছালাম, ছা'লবা ইবনে এয়ামীন, আছাদ প্রমুখ ইহুদী হতে মুসলমান হয়েছিলেন। কিন্তু পুরাতন ধারণার ভিত্তিতে রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট বললেন, আমরা ইহুদী থাকা অবস্থায় শনিবারের দিনকে সম্মান করতাম,

২৫ ع ১৪ ৯ রুকূ

وَالْمَلٰٓئِكَةُ وَقُضِيَ الْاَمْرُ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٢١١﴾ سَلْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ

অল্‌মালা — য়িকাতু অক্বুদ্বিয়াল্ আম্‌রু; অইলাল্লা-হি তুর্‌জ্বা'উল্ উমূর্। ২১১। সাল্ বানী~ ইস্‌রা — ঈলা

আর সবকিছুর নিষ্পত্তি হোক। সকল ব্যাপারই আল্লাহ্‌র দিকেই প্রত্যাবর্তিত। (২১১) আপনি জিজ্ঞেস করুন বনী ইসরাঈলকে,

كَمْ اٰتَيْنٰهُمْ مِّنْ اٰيَةٍۭ بَيِّنَةٍ ؕ وَمَنْ يُّبَدِّلْ نِعْمَةَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُ

কাম্ আ-তাইনা-হুম্ মিন্ আ-ইয়াতিম্ বাইয়্যিনা-হ্; অমাইঁ ইয়ুবাদ্দিল নি'মাতাল্লা-হি মিম্ বা'দি মা-জ্বা — আত্‌হু

আমি তাদেরকে কত স্পষ্ট নিদর্শন দিয়েছিলাম; আর আল্লাহ্‌র অনুগ্রহ আসবার পর যদি কেউ এটা বদল করে,

فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿٢١٢﴾ زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوا الْحَيٰوةُ الدُّنْيَا وَ

ফাইন্নাল্লা-হা শাদীদুল্ 'ইক্বা-ব্। ২১২। যুইয়্যিনা লিল্লাযীনা কাফারুল্ হাইয়া-তুদ্ দুন্‌ইয়া-অ

তবে নিশ্চয়ই আল্লাহ্ শাস্তিদানে বড়ই কঠোর। (২১২) কাফেরদের জন্য দুনিয়ার জীবনকে সুশোভিত করা হয়েছে এবং

ওয়াক্‌ফে লাযেম

يَسْخَرُوْنَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا ۘ وَالَّذِيْنَ اتَّقَوْا فَوْقَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ ؕ وَاللّٰهُ

ইয়াস্‌খারূনা মিনাল্ লাযীনা আ-মানূ। অল্লাযীনাত্ তাক্বাও ফাওক্বাহুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাহ্; অল্লা-হু

তারা ঈমানদারদেরকে উপহাস করে। কিন্তু তাক্‌ওয়ার অধিকারীরা পরকালে তাদের ঊর্ধ্বে থাকবে। আর আল্লাহ

يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢١٣﴾ كَانَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً ۟ فَبَعَثَ اللّٰهُ

ইয়ার্‌যুক্বু মাইঁ ইয়াশা — উ বিগাইরি হিসা-ব্। ২১৩। কা-নান্না-সু উম্মাতাওঁ ওয়া-হিদাতান্ ফাবা'আছাল্লা-হুন্

যাকে ইচ্ছা অপরিমিত জীবিকা দান করেন। (২১৩) সকল মানুষ একই দলভুক্ত ছিল, তারপর আল্লাহ

النَّبِيّٖنَ مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۪ وَاَنْزَلَ مَعَهُمُ الْكِتٰبَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ

নাবিয়্যীনা মুবাশ্‌শিরীনা অমুন্‌যিরীনা অআন্‌যালা মা'আহুমুল্ কিতা-বা বিল্‌হাক্বক্বি লিইয়াহ্‌কুমা বাইনান্

নবীদেরকে প্রেরণ করলেন সুসংবাদ দাতা ও সতর্ককারীরূপে, আর সাথে সত্য কিতাবও দিলেন, যেন মতভেদযুক্ত

النَّاسِ فِيْمَا اخْتَلَفُوْا فِيْهِ ؕ وَمَا اخْتَلَفَ فِيْهِ اِلَّا الَّذِيْنَ اُوْتُوْهُ مِنْۢ بَعْدِ

না-সি ফীমাখ্‌তালাফূ ফীহ্; অমাখ্‌তালাফা ফীহি ইল্লাল্লাযীনা উতূহু মিম্ বা'দি

বিষয়গুলোর মীমাংসা করতে পারেন। বস্তুতঃ কিতাবের ব্যাপারে অন্য কেউ মতবিরোধ করেনি স্পষ্ট নিদর্শনাবলী

مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ بَغْيًۢا بَيْنَهُمْ ۚ فَهَدَى اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا لِمَا اخْتَلَفُوْا

মা-জ্বা — আত্ হুমুল্ বাইয়্যিনা-তু বাগ্‌ইয়াম্ বাইনাহুম্ ফাহাদাল্লা-হুল্ লাযী-না আ-মানূ লিমাখ্‌তালাফূ

আসার পর। শুধুমাত্র কিতাবধারীরা নিজেদের মধ্যে বিদ্বেষবশতঃ এটাতে মতভেদ করেছিল, আল্লাহ মু'মিনদেরকে

এখন মুসলমান হওয়ার পরও আমাদেরকে শনিবার দিনকে সম্মান করার অনুমতি দিন। তখন এ আয়াত নাযিল হয়। (বয়ানুল কোরআন) শানেনুযূল ঃ আয়াত-২১২ ঃ আরবের মুশরিকরা দুঃস্থ গরীব সাহাবাদের, যথা- হযরত বেলাল (রাঃ) এবং হযরত আম্মার ইবনে ইয়াছির প্রমুখকে দেখে বিদ্রূপ করত এবং এ বলতো যে, মুহাম্মদ কি কেবল এ সমস্ত লোকের অনুগামীত্বেই গর্বিত? তাঁর ধর্ম সত্য হলে, ধনবানরাই তাঁর অনুগামী হত। এই গরীবদের অনুগামীত্বে তাঁর কি কাজই চলতে পারে? তখন অত্র আয়াতটি নাযিল হয়।

فِيهِ مِنَ الْحَقِّ بِإِذْنِهِ ۗ وَاللَّهُ يَهْدِي مَن يَشَاءُ إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٢١٣﴾ أَمْ

ফীহি মিনাল্ হাক্ব্কি বিইয্নিহ্; অল্লা-হু ইয়াহ্দী মাইঁ ইয়াশা — উ ইলা-ছিরা-ত্বিম্ মুস্তাক্বীম্। ২১৪। আম্

স্বীয় ইচ্ছায় মতভেদযুক্ত বিষয়ে সত্যের সন্ধান দিয়েছেন, আল্লাহ যাকে ইচ্ছা পরিচালিত করেন সরল পথে। (২১৪) তোমরা

حَسِبْتُمْ أَن تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُم مَّثَلُ الَّذِينَ خَلَوْا مِن قَبْلِكُم ۖ

হাসিব্তুম্ আন্ তাদ্খুলুল্ জ্বান্নাতা অলাম্মা- ইয়া''তিকুম্ মাছালুল্লাযীনা খালাও মিন্ ক্বাব্লিকুম্;

কি বেহেশ্তে যাবে বলে ধারণা কর, যদিও এখনও তোমাদের অবস্থা তাদের মত হয়নি যারা গত হয়েছে তোমাদের পূর্বে।

مَّسَّتْهُمُ الْبَأْسَاءُ وَالضَّرَّاءُ وَزُلْزِلُوا حَتَّىٰ يَقُولَ الرَّسُولُ وَالَّذِينَ

মাস্সাত্হুমুল্বা''সা — উ অদ্দ্বোয়ার্ রা — উ অযুল্যিলূ হাত্তা-ইয়াক্বূলার্ রাসূলু অল্লাযীনা

তাদের উপর বিপদ-আপদ আপতিত হয়েছিল এবং তারা এমন বিচলিত হল যে, রাসূল ও তাঁর সঙ্গী

آمَنُوا مَعَهُ مَتَىٰ نَصْرُ اللَّهِ ۗ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ ﴿٢١٤﴾ يَسْأَلُونَكَ مَاذَا

আ-মানূ মা'আহূ মাতা- নাছ্রুল্লা-হ্; আলা ~ ইন্না নাছ্রাল্লা-হি ক্বারীব্। ২১৫। ইয়াস্আলূনাকা মা-যা-

মু'মিনরা বলেছিল, "আল্লাহ্র সাহায্য কখন আসবে?" ওহে! আল্লাহ্র সাহায্য নিকটবর্তী। (২১৫) তারা তোমার নিকট জিজ্ঞেস

يُنفِقُونَ ۖ قُلْ مَا أَنفَقْتُم مِّنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ وَالْيَتَامَىٰ

ইয়ুন্ফিক্বূন্; ক্বুল্ মা ~ আন্ফাক্বতুম্ মিন্ খাইরিন্ ফালিল্ওয়া-লিদাইনি অল্ আক্বরাবীনা অল্ ইয়াতা-মা-

করে, কি ব্যয় করবে, আপনি বলুন, তোমরা উত্তম যা কিছু দান কর, তা হবে তোমাদের পিতা-মাতা, আত্মীয়-স্বজন,

وَالْمَسَاكِينِ وَابْنِ السَّبِيلِ ۗ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ ۞

অল্ মাসা-কীনি অব্নিস্ সাবীল্; অমা-তাফ্'আলূ মিন্ খাইরিন্ ফাইন্নাল্লা-হা বিহী'আলীম্।

ইয়াতীম, মিছকীন এবং পথচারীদের জন্য। তোমরা যেই ভাল কাজ কর, নিশ্চয় আল্লাহ তা জানেন।

﴿٢١٥﴾ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ ۖ وَعَسَىٰ أَن تَكْرَهُوا شَيْئًا

২১৬। কুতিবা 'আলাইকুমুল্ ক্বিতা-লু অহুওয়া কুর্হুল্লাকুম্ অ'আসা ~ আন্ তাক্রাহূ শাইআওঁ

(২১৬) তোমাদের প্রতি যুদ্ধের বিধান দেয়া হল, যদিও এটা তোমাদের কাছে অপ্রিয়, সম্ভবতঃ তোমরা যা খারাপ মনে কর,

وَهُوَ خَيْرٌ لَّكُمْ ۖ وَعَسَىٰ أَن تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَّكُمْ ۗ وَاللَّهُ يَعْلَمُ وَأَنتُمْ

অহুওয়া খাইরুল্লাকুম্ অ'আসা ~ আন্ তুহিব্বূ শাইআওঁ অহুওয়া শার্রুল্লাকুম্; অল্লা-হু ইয়া'লামু অআন্তুম্

তা-ই তোমাদের জন্য কল্যাণকর; আর যা তোমরা ভাল মনে কর তা-ই তাদের জন্য অকল্যাণকর আল্লাহ্ই জানেন কিন্তু

শানেনুযূল ঃ আয়াত-২১৪ ঃ হযরত আতা (রাঃ) হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ্ (ছঃ) যখন মদীনায় হিজরত করলেন, তখন সাহাবাদের অনেক ক্লেশ হল, মালামাল, ধন-সম্পদ ও বাগান ইত্যাদি সমস্ত কিছুই মক্কাতে মুশরিকরা করায়ত্তে নিয়েছে। আল্লাহ্ তা'আলা মুসলমানদের সান্ত্বনা দানের জন্য অত্র আয়াত অবতীর্ণ করেন। আয়াত-২১৫ ঃ হযরত আমর ইবনে জমুহ্ যিনি জঙ্গে ওহুদে শহীদ হয়েছেন, একদা রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট জিজ্ঞেস করলেন যে, আমরা আল্লাহ্র রাস্তায় কোন প্রকারের বস্তু খরচ করতে পারি? তখন অত্র আয়াত নাযিল হয়।

لَا تَعْلَمُونَ ﴿٢١٧﴾ يَسْـَٔلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيهِ ۖ قُلْ قِتَالٌ فِيهِ

লা-তা'লামূন্। ২১৭। ইয়াস্আলূ-নাকা 'আনিশ্ শাহ্রিল্ হারা-মি ক্বিতা-লিন্ ফীহ্; ক্বুল্ ক্বিতা-লুন্ ফীহি

তোমরা জান না। (২১৭) হারাম মাসে যুদ্ধ সম্পর্কে আপনাকে তারা প্রশ্ন করে, বলুন, তাতে যুদ্ধ করা

كَبِيرٌ ۖ وَصَدٌّ عَن سَبِيلِ اللَّهِ وَكُفْرٌ بِهِ وَالْمَسْجِدِ الْحَرَامِ وَإِخْرَاجُ

কাবীর্; অছোয়াদ্দুন্ 'আন্ সাবীলিল্লা-হি অকুফ্রুম্ বিহী অল্মাস্জ্বিদিল্ হারা-মি অইখ্রা-জু

অন্যায়। কিন্তু আল্লাহ্র পথে বাধা দান, তাঁকে অস্বীকার করা, মসজিদে হারামে বাধা দান এবং বাসিন্দাকে

أَهْلِهِ مِنْهُ أَكْبَرُ عِندَ اللَّهِ ۚ وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ ۗ وَلَا يَزَالُونَ

আহ্লিহী মিন্হু আক্বারু 'ইন্দাল্লা-হি অল্ফিত্নাতু আক্বারু মিনাল্ ক্বাত্ল্; অলা-ইয়াযা-লূনা

এটা হতে বের করা আল্লাহ্র কাছে অধিক অন্যায়। ফিতনা হত্যা হতেও মারাত্মক। তারা যে

يُقَاتِلُونَكُمْ حَتَّىٰ يَرُدُّوكُمْ عَن دِينِكُمْ إِنِ اسْتَطَاعُوا ۚ وَمَن

ইয়ুক্বা-তিলূনাকুম্ হাত্তা- ইয়ারুদ্দূকুম্ 'আন্ দীনিকুম্ ইনিস্তাত্বোয়া-'উ; অমাইঁ

পর্যন্ত তোমাদেরকে দ্বীন হতে ফিরাতে না পারে সাধ্যানুসারে ততক্ষণ পর্যন্ত যুদ্ধ করতে থাকবে।

يَرْتَدِدْ مِنكُمْ عَن دِينِهِ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَأُولَٰئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ

ইয়ার্তাদিদ্ মিন্কুম্ 'আন্ দীনিহী ফাইয়ামুত্ অহুওয়া কা-ফিরুন্ ফাউলা — য়িকা হাবিত্বোয়াত্ আ'মা-লুহুম্

তোমাদের মধ্যে যে স্বীয় দ্বীন ত্যাগ করবে এবং কাফির অবস্থায় মৃত্যুবরণ করবে, তাদের ব্যর্থ হয়ে যাবে

فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۚ وَأُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢١٧﴾ إِنَّ

ফিদ্দুন্ইয়া অল্ আ-খিরাহ্; অউলা — য়িকা আছ্হা-বুন্না-রি হুম্ ফীহা- খা-লিদূন। ২১৮। ইন্নাল

ইহ-পরকালের সমুদয় কার্য; এরাই দোযখবাসী, তথায় তারা চিরকাল থাকবে। (২১৮) যারা

الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ ۙ أُولَٰئِكَ

লাযীনা আ-মানূ অল্লাযীনা হা-জ্বারূ অজা-হাদূ ফী সাবীলিল্লা-হি উলা — য়িকা

ঈমান এনেছে, দেশ ত্যাগ করেছে, আর আল্লাহ্র পথে জিহাদ করেছে; তারাই আল্লাহর

يَرْجُونَ رَحْمَتَ اللَّهِ ۚ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿٢١٨﴾ يَسْـَٔلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ۖ

ইয়ার্জূনা রাহ্মাতাল্লা-হ্; অল্লা-হু গাফূরুর্ রাহীম্। ২১৯। ইয়াস্ আলূনাকা 'আনিল্ খামরি অল্মাইসির্;

করুণার প্রত্যাশা করে, আল্লাহ ক্ষমাশীল-দয়ালু। (২১৯) মানুষ আপনাকে মদ ও জুয়া সম্পর্কে প্রশ্ন করে।

শানেনুযূল ঃ আয়াত-২১৭ ঃ জুন্দুব ইবনে আবদুল্লাহ (রাঃ) হযরত আবদুল্লাহ্ ইবনে জাহাশের নেতত্বে একটি সেনাদল কাফেরদের মুকাবিলায় প্রেরণ করেন। সাহাবীরা ইবনে খজরমীকে হত্যা করেছিলেন। তখন ১লা রজব না ৩০ শে জমাদিউছছানী তার কোন তত্ত্ব তাদের নিকট ছিল না। কিন্তু মুশরিকরা মুসলমানদেরকে বলল যে তোমরা কি মাহে হারাম বা সম্মানিত মাসের প্রতিও কোন লক্ষ্য না রেখে হত্যাযজ্ঞে লিপ্ত হলে। তখন এ আয়াত অবতীর্ণ হয়। আয়াত-২১৮ ঃ অত্র আয়াত হযরত আবদুল্লাহ্ ইবনে জাহাশ ও তাঁর সঙ্গীদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে। উক্ত ঘটনা সম্বন্ধে তাঁরা বলছিল যে, মাহে হারামে যুদ্ধ করার কারণে আমরা গুনাহ্গার সাব্যস্ত না হলেও অন্ততঃপক্ষে আমরা এ জিহাদের ছওয়াব হতে বঞ্চিত থাকব। তখন অত্র আয়াত অবতীর্ণ হয়।

قُلْ فِيهِمَآ إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَإِثْمُهُمَآ أَكْبَرُ مِن نَّفْعِهِمَا وَ

ক্বূল্ ফীহিমা ~ ইছ্মুন্ ক্বাবীরাওঁ অমানা-ফি'উ লিন্না-সি অইছ্মুহুমা ~ আক্বারু মিন্ নাফ্'ইহিমা-; অ

বলুন, দুটোতেই মানুষের জন্য পাপ ও উপকার আছে। তবে পাপ উপকার অপেক্ষা বেশি। তারা এটাও জিজ্ঞেস

يَسْـَٔلُونَكَ مَاذَا يُنفِقُونَ ۖ قُلِ ٱلْعَفْوَ ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ ٱللَّهُ لَكُمُ ٱلْـَٔايَٰتِ

ইয়াস্আলূনাকা মা-যা-ইয়ুন্ফিক্বূন্; ক্বূলিল্ 'আফ্ওয়া-কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-ইয়া-তি

করে কি ব্যয় করবে, বলুন, যা উদ্বৃত্ত আছে তাই। এভাবে আল্লাহ তোমাদের জন্য আয়াত বর্ণনা করেন যেন তোমরা

لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ ﴿٢١٩﴾ فِى ٱلدُّنْيَا وَٱلْـَٔاخِرَةِ ۗ وَيَسْـَٔلُونَكَ عَنِ ٱلْيَتَٰمَىٰ ۖ

লা'আল্লাকুম্ তাতাফাক্কারূন্। ২২০। ফিদ্দুইয়া-অল্আ-খিরাহ্; অইয়াস্আলূনাকা 'আনিল্ ইয়াতা-মা-;

ভেবে দেখ। (২২০) তারা আপনাকে দুনিয়া ও আখেরাত ও ইয়াতীম সম্পর্কে প্রশ্ন করে, আপনি বলুন, তাদের ব্যবস্থা

قُلْ إِصْلَاحٌ لَّهُمْ خَيْرٌ ۖ وَإِن تُخَالِطُوهُمْ فَإِخْوَٰنُكُمْ ۚ وَٱللَّهُ يَعْلَمُ ٱلْمُفْسِدَ

ক্বূল্ ইছ্লা-হুল্ লাহুম্ খাইর্; অইন্ তুখা-লিত্বূ হুম্ ফাইখ্ওয়া-নুকুম্; অল্লা-হু ইয়া'লামুল্ মুফ্সিদা

করা উত্তম। যদি তাদেরকে মিশিয়ে লও, তবে মনে কর তারা তোমাদের ভাই, আল্লাহ জানেন কে অনিষ্টকারী, আর কে

مِنَ ٱلْمُصْلِحِ ۚ وَلَوْ شَآءَ ٱللَّهُ لَأَعْنَتَكُمْ ۚ إِنَّ ٱللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ﴿٢٢٠﴾ وَلَا

মিনাল্ মুছ্লিহ্; অলাও শা —আল্লা-হু ল্আ'নাতাকুম্; ইন্নাল্লা-হা 'আযীযুন্ হাকীম্। ২২১। অলা-

হিতকারী; আল্লাহ্ চাইলে তোমাদেরকে কষ্টে ফেলতে পারতেন। আল্লাহ মহাপরাক্রান্ত, মহাবিজ্ঞ। (২২১) মুশরিক

تَنكِحُوا۟ ٱلْمُشْرِكَٰتِ حَتَّىٰ يُؤْمِنَّ ۚ وَلَأَمَةٌ مُّؤْمِنَةٌ خَيْرٌ مِّن مُّشْرِكَةٍ

তান্কিহুল্ মুশ্রিকা-তি হাত্তা-ইয়ু''মিন্; অলাআমাতুম্ মু''মিনাতুন্ খাইরুম্ মিম্ মুশ্রিকাতিওঁ

নারীদের বিবাহ করো না, ঈমান না আনা পর্যন্ত। মু'মিন দাসী মুশরিক নারী অপেক্ষা উত্তম, যদিও তোমাদের কাছে

وَلَوْ أَعْجَبَتْكُمْ ۗ وَلَا تُنكِحُوا۟ ٱلْمُشْرِكِينَ حَتَّىٰ يُؤْمِنُوا۟ ۚ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ

অলাও আ'জ্বাবাত্কুম্ অলাতুন্কিহুল্ মুশ্রিকীনা হাত্তা-ইয়ু''মিনূ; অ লা'আব্দুম্ মু''মিনুন্

তারা মনোহারিণী হয় তোমরা বিবাহ দিও না মুশরিকদের কাছে ঈমান না আনা পর্যন্ত। মু'মিন দাস

خَيْرٌ مِّن مُّشْرِكٍ وَلَوْ أَعْجَبَكُمْ ۗ أُو۟لَٰٓئِكَ يَدْعُونَ إِلَى ٱلنَّارِ ۖ وَٱللَّهُ

খাইরুম্ মিম্ মুশ্রিকিওঁ অলাও 'আজ্বাবাকুম্; উলা —য়িকা ইয়াদ্'ঊনা ইলান্না-রি অল্লা-হু

মুশরিক থেকে উত্তম, যদিও সে তোমাদের মনপুত হয়। তারা তো দোযখের দিকে ডাকে। আর আল্লাহ

শানেনুযূল ঃ আয়াত-২১৯ ঃ হযরত ওমর ইবনে খাত্তাব (রাঃ) মু'আয্ ইবনে জবল (রাঃ) এবং আনসারের এক দল লোক রাসূলুল্লাহ (ছঃ)-এর দরবারে উপস্থিত হয়ে বললেন যে, ইয়া রাসূলাল্লাহ (ছঃ)! মদ্যপানে তো জ্ঞান লোপ পেতে থাকে এবং জুয়ায় সম্পদ ধ্বংস হয়; অতএব এ সম্বন্ধে আমরা কি করব, তার আদেশ দেন। তখন অত্র আয়াত অবতীর্ণ হয়। আয়াত-২২০ ঃ এতীমের মাল খাওয়া হতে যখন কঠোরভাবে বাধা দেয়া হয়, তখন যারা তাদের লালন-পালন আর দেখাশুনা করত তারা ভীত হল, আর এতীমদের খাওয়া-দাওয়া সমস্ত কিছুই পৃথক করে দিল। এতে অনেক অসুবিধা ও বহু অপচয় হত। তখন এ আয়াত নাযিল হয়।

يَدْعُوٓا۟ إِلَى ٱلْجَنَّةِ وَٱلْمَغْفِرَةِ بِإِذْنِهِۦ ۖ وَيُبَيِّنُ ءَايَٰتِهِۦ لِلنَّاسِ لَعَلَّهُمْ

ইয়াদ্'উ ইলাল্ জ্বান্নাতি অল্মাগ্ফিরাতি বিইয্নিহী অইয়ুবাইয়্যিনু আ-ইয়া-তিহী লিন্না-সি লা'আল্লাহুম্

স্বেচ্ছায় তোমাদেরকে ক্ষমা ও বেহেশতের প্রতি ডাকেন। তিনি মানুষের জন্য স্বীয় আয়াত বর্ণনা করেন, যেন তারা ২৭

يَتَذَكَّرُونَ ﴿٢٢١﴾ وَيَسْـَٔلُونَكَ عَنِ ٱلْمَحِيضِ ۖ قُلْ هُوَ أَذًى ۖ فَٱعْتَزِلُوا۟ ع ৫ ১১ রুকু

ইয়াতাযাক্কারূন্। ২২২। অইয়াস্আলূনাকা 'আনিল্ মাহীদ্ব; ক্বূল্ হুওয়া আযান্ ফা'তাযিলুন

উপদেশ গ্রহণ করে। (২২২) তারা আপনাকে হায়েয সম্বন্ধে প্রশ্ন করে। বলুন, "তা অশুচি।" তাই হায়েযের সময়

ٱلنِّسَآءَ فِى ٱلْمَحِيضِ ۖ وَلَا تَقْرَبُوهُنَّ حَتَّىٰ يَطْهُرْنَ ۖ فَإِذَا تَطَهَّرْنَ

নিসা —আ ফিল্ মাহীদ্বি অলা-তাক্বরাবূহুন্না হাত্তা-ইয়াত্বহুরনা ফাইযা-তাত্বোয়াহ্হার্না

তোমরা স্ত্রী হতে দূরে থাক। পবিত্র না হওয়া পর্যন্ত নিকটে যাবে না। যখন উত্তমরূপে পবিত্র হবে তখন আল্লাহ্র

فَأْتُوهُنَّ مِنْ حَيْثُ أَمَرَكُمُ ٱللَّهُ ۚ إِنَّ ٱللَّهَ يُحِبُّ ٱلتَّوَّٰبِينَ وَيُحِبُّ

ফা''তূ হুন্না মিন্ হাইছু আমারাকুমুল্লা-হ্; ইন্নাল্লা-হা ইয়ুহিব্বুত্ তাওয়া-বীনা অইয়ুহিব্বুল্

নির্দেশ অনুসারে তোমরা তাদের নিকট যাও। আল্লাহ তাওবাকারীকে ভালবাসেন এবং যারা পবিত্র থাকে তাদেরকেও

ٱلْمُتَطَهِّرِينَ ﴿٢٢٢﴾ نِسَآؤُكُمْ حَرْثٌ لَّكُمْ ۖ فَأْتُوا۟ حَرْثَكُمْ أَنَّىٰ شِئْتُمْ ۖ

মুতাত্বোয়াহ্হিরীন্। ২২৩। নিসা —উ কুম্ হারছুল্লাকুম্ ফা''তূ হারছাকুম্ আন্না-শি''তুম্

ভালবাসেন। (২২৩) তোমাদের স্ত্রীরা তোমাদের শস্যক্ষেত্র, তোমাদের ক্ষেতে ইচ্ছামত যেতে পার, নিজেদের জন্য

وَقَدِّمُوا۟ لِأَنفُسِكُمْ ۚ وَٱتَّقُوا۟ ٱللَّهَ وَٱعْلَمُوٓا۟ أَنَّكُم مُّلَٰقُوهُ ۗ وَبَشِّرِ

অক্বাদ্দিমূ লিআন্ফুসিকুম্; অত্তাক্বুল্লা-হা অ'লাম্ ~ আন্নাকুম্ মুলা-ক্বূহু; অবাশ্শিরিল্

আগেই কিছু ব্যবস্থা করো এবং আল্লাহ্কে ভয় করো। আর জেনে রাখ, তাঁর সামনে তোমাদেরকে যেতে হবে; মু'মিনদেরকে

ٱلْمُؤْمِنِينَ ﴿٢٢٣﴾ وَلَا تَجْعَلُوا۟ ٱللَّهَ عُرْضَةً لِّأَيْمَٰنِكُمْ أَن تَبَرُّوا۟ وَتَتَّقُوا۟

মু''মিনীন্। ২২৪। অলা-তাজ্'আলুল্লা-হা 'উরদ্বোয়াতাল লিআইমা-নিকুম্ আন্ তাবার্রূ অতাত্তাক্বূ অ

সু-সংবাদ দাও। (২২৪) শপথের জন্য আল্লাহ্র নামকে লক্ষ্যবস্তু করো না পরহেজগারী এবং মানুষের মাঝে সন্ধি স্থাপন হতে

تُصْلِحُوا۟ بَيْنَ ٱلنَّاسِ ۚ وَٱللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٢٤﴾ لَّا يُؤَاخِذُكُمُ ٱللَّهُ بِٱللَّغْوِ فِىٓ

তুছ্লিহূ বাইনান্না-স্; অল্লা-হু সামী'উন্ 'আলীম্। ২২৫। লা-ইয়ুআ-খিযুকুমুল্লা-হু বিল্লাগ্ওয়ি ফী ~

বিরত থাকার জন্য। আল্লাহ সবকিছু শুনেন, জানেন। (২২৫) আল্লাহ অযথা কসমের জন্য তোমাদেরকে ধরবেন না

শানেনুযূল ঃ আয়াত-২২২ ঃ ইহুদীরা নিজ স্ত্রীদের হতে ঋতুস্রাবকালে সম্পূর্ণ পৃথক থাকত, এমনকি তাদের সাথে খাওয়া-দাওয়া, কথাবার্তা বলা এবং উঠা-বসা হতেও বিরত থাকত। আর খৃষ্টানরা ছিল বিপরীত, সে অবস্থায় তারা সঙ্গম পর্যন্ত করত। একদা ছাবেত ইবনে দাহ্দাহ্ রাসূলুল্লাহ (ছঃ)-কে জিজ্ঞেস করলেন, ঋতুস্রাবের সময় আমরা স্ত্রীদের সাথে কিরূপ আচরণ করব, ইসলামী নীতি অনুসারে আমাদেরকে অবহিত করুন। তখন এ আয়াত নাযিল হয়। আয়াত-২২৩ ঃ ইহুদীরা বলছিল যে, যদি কেউ স্বীয় স্ত্রীর সাথে এরূপে সঙ্গম করে যে, স্ত্রীর পৃষ্ঠ পুরুষের সম্মুখভাগে থাকে, তবে সন্তান বক্র চোখা জন্ম হয়। একদা হযরত ওমর (রাঃ), হযরত (ছঃ)-কে এ বিষয়ে জিজ্ঞেস করলে এ আয়াত নাযিল হয়।

أَيْمَانِكُمْ وَلَٰكِن يُؤَاخِذُكُم بِمَا كَسَبَتْ قُلُوبُكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ

আইমা-নিকুম্ অলা-কিইঁ ইয়ুআ-খিযুকুম্ বিমা-কাসাবাত্ ক্বূলূবুকুম্; অল্লা-হু গাফূরুন্

বরং তিনি তোমাদের অন্তরের সংকল্পের জন্য ধরবেন। আল্লাহ ক্ষমাশীল,

حَلِيمٌ ﴿٢٢٦﴾ لِّلَّذِينَ يُؤْلُونَ مِن نِّسَائِهِمْ تَرَبُّصُ أَرْبَعَةِ أَشْهُرٍ ۖ فَإِن فَاءُو

হালীম্। ২২৬। লিল্লাযীনা ইয়ু''লূনা মিন্ নিসা — য়িহিম্ তারাব্বুছু আর্‌বা'আতি আশ্‌হুরিন্ ফাইন্ ফা — উ

ধৈর্যশীল। (২২৬) যারা স্ত্রীদের কাছে না যাওয়ার শপথ করে, তাদের চারমাস অবকাশ আছে, অতঃপর যদি মিলে যায়,

فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٢٢٧﴾ وَإِنْ عَزَمُوا الطَّلَاقَ فَإِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ *

ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম। ২২৭। অইন্ 'আযামুত্ত্বোয়ালা-ক্বা ফাইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম্।

তবে আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (২২৭) আর যদি তালাকের সিদ্ধান্ত নেয়, তবে আল্লাহ শুনেন, জানেন।

﴿٢٢٨﴾ وَالْمُطَلَّقَاتُ يَتَرَبَّصْنَ بِأَنفُسِهِنَّ ثَلَاثَةَ قُرُوءٍ ۚ وَلَا يَحِلُّ لَهُنَّ أَن

২২৮। অল্‌মুত্ত্বোয়াল্লাক্বা-তু ইয়াতারাব্বাছ্‌না বিআন্‌ফুসিহিন্না ছালা-ছাতা ক্বুরূ — য়িন্; অলা-ইয়াহিল্লু লাহুন্না আইঁ

(২২৮) তালাক প্রাপ্তা নারীরা তিন হায়েয পর্যন্ত অপেক্ষা করবে। তাদের জন্য বৈধ নয় গোপন

يَكْتُمْنَ مَا خَلَقَ اللَّهُ فِي أَرْحَامِهِنَّ إِن كُنَّ يُؤْمِنَّ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ

ইয়াক্‌তুম্‌না মা-খালাক্বাল্লা-হু ফী ~ আর্‌হা-মিহিন্না ইন্ কুন্না ইউ''মিন্না বিল্লা-হি অল্‌ইয়াওমিল্ আ-খির্;

করা যা আল্লাহ তাদের গর্ভে সৃষ্টি করেছেন, যদি তারা আল্লাহ ও আখেরাতে বিশ্বাসী হয়। যদি তারা মীমাংসা

وَبُعُولَتُهُنَّ أَحَقُّ بِرَدِّهِنَّ فِي ذَٰلِكَ إِنْ أَرَادُوا إِصْلَاحًا ۚ وَلَهُنَّ مِثْلُ

অবু'উলাতুহুন্না আহাক্বু ক্বু বিরাদ্দিহিন্না ফী যা-লিকা ইন্ আরাদূ ~ ইছ্‌লা-হা-; অলাহুন্না মিছ্‌লুল্

করতে চায় তবে ঐ সময়ে ফিরিয়ে আনার অধিকার স্বামীর আছে। নারীদের তেমনি ন্যায্য অধিকার আছে

الَّذِي عَلَيْهِنَّ بِالْمَعْرُوفِ ۚ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ ۗ وَاللَّهُ عَزِيزٌ

লাযী 'আলাইহিন্না বিল্ মা'রূফি অলির্‌রিজা-লি 'আলাইহিন্না দারাজাহ্; অল্লা-হু'আযীযুন্

যেমন আছে তাদের উপর স্বামীদের, তবে নারীর উপর পুরুষের মর্যাদা আছে। আল্লাহ মহাপরাক্রান্ত,

২৮ ع ৭ ১২ রুকু

حَكِيمٌ ﴿٢٢٩﴾ الطَّلَاقُ مَرَّتَانِ ۖ فَإِمْسَاكٌ بِمَعْرُوفٍ أَوْ تَسْرِيحٌ بِإِحْسَانٍ ۗ

হাকীম্। ২২৯। আত্ত্বোয়ালা-ক্বু মার্‌রাতা-নি ফাইম্‌সা-কুম্ বিমা'রূফিন্ আও তাস্‌রীহুম্ বিইহ্‌সা-ন্;

মহাজ্ঞানী। (২২৯) তালাক দুবার। তারপর হয় বিধিমত স্ত্রীকে রাখবে অথবা সদ্ভাবে বিদায় করবে।

শানেনুযূল ঃ আয়াত-২২৮ ঃ হযরত আসমা বিনতে ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছঃ)-এর যুগেই আমি তালাক প্রাপ্তা হই, তখন তালাকের কোন ইদ্দত ছিল না, তাই এ আয়াত নাযিল হয়। আয়াত-২২৯ ঃ ইসলামের প্রথমাবস্থায় লোকেরা স্ত্রীদেরকে অসংখ্য তালাক দিত ও তাদেরকে কষ্ট দেয়ার জন্য যখন ইদ্দত পূর্ণ হয়ে আসত তখন শীঘ্রই ফিরিয়ে আনত; এভাবে স্ত্রীদের সঙ্গে না স্বামীওয়ালা স্ত্রীর ন্যায় ব্যবহার করা হত, না তারা পতিহীনা নারীর ন্যায় স্বাধীন হত যে, যেখানে ইচ্ছা বিবাহ করে নেবে। জনৈকা রমণী হযরত আয়েশা (রাঃ)-এর নিকট এ অভিযোগ করলে তিনি তা রাসূলুল্লাহ্ (ছঃ)-এর গোচরীভূত করলেন। তখন এ আয়াতটি নাযিল হয়।

وَلَا يَحِلُّ لَكُمْ أَنْ تَأْخُذُوا مِمَّا آتَيْتُمُوهُنَّ شَيْئًا إِلَّا أَنْ يَخَافَا أَلَّا

অলা-ইয়াহিল্লু লাকুম্ আন্ তা''খুযূ মিম্মা- আ-তাইতুমূহুন্না শাইয়ান্ ইল্লা ~ আইঁ ইয়াখা-ফা ~ আল্লা-
তাদেরকে যা দিয়েছ তা হতে কিছু ফেরত নেয়া বৈধ নয়। তবে যদি দুজনই আশংকা করে যে, তারা আল্লাহ্র সীমা রক্ষা

يُقِيمَا حُدُودَ اللَّهِ ۖ فَإِنْ خِفْتُمْ أَلَّا يُقِيمَا حُدُودَ اللَّهِ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا فِيمَا

ইয়ুক্বীমা- হুদূদা ল্লা-হ্; ফাইন্ খিফ্তুম্ আল্লা-ইয়ুক্বীমা-হুদূদাল্লা-হি ফালা-জুনা-হা 'আলাইহিমা-ফীমাফ্
করতে পারবে না, আর তোমরাও ভয় কর যে, তারা আল্লাহ্র সীমা রক্ষা করতে পারবে না, তবে স্ত্রী কিছুর বিনিময়ে মুক্ত

افْتَدَتْ بِهِ ۗ تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَعْتَدُوهَا ۚ وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللَّهِ

তাদাত্ বিহ্; তিল্কা হুদূদাল্লা-হি ফালা- তা'তাদূহা-অমাইঁ ইয়াতা'আদ্দা হুদূদাল্লা-হি
হলে কারো কোন পাপ হবে না, এটা আল্লাহ্র সীমা, সুতরাং তা লংঘন করো না। যারা আল্লাহ্র সীমা লংঘন

فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿٢٣٠﴾ فَإِنْ طَلَّقَهَا فَلَا تَحِلُّ لَهُ مِنْ بَعْدُ حَتَّىٰ تَنْكِحَ

ফাউলা — য়িকা হুমুজ্জোয়া-লিমূন। ২৩০। ফাইন ত্বোয়াল্লাক্বাহা-ফালা- তাহিল্লু লাহূ মিম্ বা'দু হাত্তা-তান্কিহা
করে তারাই জালিম। (২৩০) তারপর যদি সে তাকে তৃতীয়বার তালাক দেয়, অন্য স্বামীর সঙ্গে বিবাহ না হওয়া

زَوْجًا غَيْرَهُ ۗ فَإِنْ طَلَّقَهَا فَلَا جُنَاحَ عَلَيْهِمَا أَنْ يَتَرَاجَعَا إِنْ ظَنَّا أَنْ

যাওজ্বান্ গাইরাহ্; ফাইন্ ত্বোয়াল্লাক্বাহা-ফালা- জুনা-হা 'আলাইহিমা ~ আইঁ ইয়া তারা-জ্বা'আ ~ ইন্ জোয়ান্না ~ আইঁ
পর্যন্ত স্বামী তার জন্য হালাল নয়, পরে যদি তালাক দেয় এবং উভয়ে আল্লাহ্র সীমা রক্ষা করতে পারবে বলে মনে করে

يُقِيمَا حُدُودَ اللَّهِ ۗ وَتِلْكَ حُدُودُ اللَّهِ يُبَيِّنُهَا لِقَوْمٍ يَعْلَمُونَ ﴿٢٣١﴾ وَإِذَا

ইয়ুক্বীমা-হুদূদাল্লা-হ্; অতিল্কা হুদূদুল্লা-হি ইয়ুবাইয়্যিনুহা-লিক্বাওমিইঁ ইয়া'লামূন্। ২৩১। অইযা-
তবে প্রত্যাবর্তনে কোন পাপ নেই। এটাই আল্লাহ্র সীমা, যা জ্ঞানীদের জন্য বর্ণনা করেন। (২৩১) আর যখন

طَلَّقْتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ أَجَلَهُنَّ فَأَمْسِكُوهُنَّ بِمَعْرُوفٍ أَوْ سَرِّحُوهُنَّ

ত্বোয়াল্লাক্বতুমুন নিসা — য়া ফাবালাগ্না আজ্বালাহুন্না ফাআম্সিকূহুন্না বিমা'রূফিন্ আওসার্রিহূ হুন্না
তোমরা তোমাদের স্ত্রীদেরকে তালাক দেবে এবং তারা ইদ্দত পূর্ণ করে; তখন হয় তাদেরকে বিধিমত রাখ, না হয়

بِمَعْرُوفٍ ۚ وَلَا تُمْسِكُوهُنَّ ضِرَارًا لِتَعْتَدُوا ۚ وَمَنْ يَفْعَلْ ذَٰلِكَ فَقَدْ

বিমা'রূফিন্ অলা- তুম্সিকূহুন্না দ্বিরা-রাল্ লিতা'তাদূ অমাইঁ ইয়াফ্আল্ যা-লিকা ফাক্বাদ্
সদ্ভাবে বিদায় দাও, জ্বালাতন ও বাড়াবাড়ির উদ্দেশ্যে তাদেরকে আটক রেখো না। যে এরূপ করে সে

শানেনুযূল ঃ আয়াত-২৩১ঃ ১. ছাবেত ইবনে ইয়াছির স্বীয় স্ত্রীকে এক তালাক দিয়ে ইদ্দত পার হওয়ার তিন দিন পূর্বে তাকে পুনরায় গ্রহণ করে নেয়, অতঃপর দ্বিতীয় তালাক দিয়ে এবং পুনরায় ইদ্দত পূর্ণ হওয়ার তিন দিন পূর্বে আবার গ্রহণ করলেন এবং অপর তালাক দিয়ে দিলেন, তিন মাস পর্যন্ত এইরূপ করলেন যার ফলে তার স্ত্রী অনেক হয়রানীর শিকার হল। তখন এ ধরনের আচরণ হতে নিবৃত্ত করনার্থে অত্র আয়াতটি নাযিল হয়। ২. হযরত আবুদ দরদা (রাঃ) হতে বর্ণিত, ইসলামের প্রাথমিক যুগে কতিপয় লোক স্ত্রীদেরকে তালাক দিয়ে বলত যে, 'আমরা এটা অনর্থক করেছিলাম, আমাদের উদ্দেশ্য তালাক দেয়া ছিল না বরং ক্রীড়া কৌতুক হিসেবেই করেছিলাম, এমনিভাবে গোলাম আজাদ করেও বলত যে,' আমরা তো কেবল কৌতুক করেছিলাম।' তখন অত্র আয়াতটি নাযিল হয়।

ظَلَمَ نَفْسَهٗ ۚ وَلَا تَتَّخِذُوْٓا اٰيٰتِ اللّٰهِ هُزُوًا ۫ وَّاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ

জোয়ালামা নাফ্স্াহ্; অলা-তাত্তাখিযূ ~ আ-ইয়া-তিল্লা-হি হুযুওয়াওঁ অয্কুরূ নি'মাতাল্লা -হি

নিজের প্রতি জুলুম করে আল্লাহর আয়াতকে হাসি-তামাশার বস্তু করো না। তোমাদের প্রতি আল্লাহ্র নিয়ামত,

• তৃতীয় চতুর্থাংশ

عَلَيْكُمْ وَمَآ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنَ الْكِتٰبِ وَالْحِكْمَةِ يَعِظُكُمْ بِهٖ ۚ

'আলাইকুম্ অমা ~ আন্যালা 'আলাইকুম্ মিনাল্ কিতা-বি অল্হিক্মাতি ইয়া'ইজুকুম্ বিহ্;

নাযিল করা কিতাব ও হিকমত, যা দ্বারা তিনি তোমাদেরকে উপদেশ দেন, স্মরণ কর,

২৯ ع ৩ ১৩ রুকু

وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿٢٣١﴾ وَاِذَا طَلَّقْتُمُ

অত্তাকূল্লা-হা অ'লামূ ~ আন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন্ 'আলীম্। ২৩২। অইযা-ত্বোয়াললাক্ব্তুমুন্

আল্লাহ্কে ভয় কর এবং জেনে রাখ যে, আল্লাহ সব বিষয়ে জ্ঞানী। (২৩২) যখন স্ত্রীদেরকে তালাক দাও

النِّسَآءَ فَبَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا تَعْضُلُوْهُنَّ اَنْ يَّنْكِحْنَ اَزْوَاجَهُنَّ اِذَا

নিসা — আ ফাবালাগ্না আজ্বালাহুন্না ফালা-তা'দ্বুলূহুন্না আইঁ ইয়ান্কিহ্না আয্ওয়া-জ্বাহুন্না ইযা-

আর তারা ইদ্দত পূর্ণ করে, তখন তাদেরকে নিজেদের স্বামী গ্রহণ করতে বাধা দিও না, যখন তারা

تَرَاضَوْا بَيْنَهُمْ بِالْمَعْرُوْفِ ۗ ذٰلِكَ يُوْعَظُ بِهٖ مَنْ كَانَ مِنْكُمْ يُؤْمِنُ

তারাদ্বোয়াও বাইনাহুম্ বিল্মা'রূফ্; যা-লিকা ইয়ূ'আজু বিহী মান্ কা-না মিন্কুম্ ইয়ু'মিনু

বৈধভাবে আপোসে সম্মত হয়। এর মাধ্যমে তোমাদের মধ্যে যে আল্লাহ ও পরকালকে বিশ্বাস করে

بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۗ ذٰلِكُمْ اَزْكٰى لَكُمْ وَاَطْهَرُ ۗ وَاللّٰهُ يَعْلَمُ وَ

বিল্লা-হি অল্ ইয়াওমিল্ আ-খির্; যা-লিকুম্ আয্কা-লাকুম্ ওয়াআত্ব্হার্; অল্লা-হু ইয়া'লামু অ

তাকে উপদেশ প্রদান করা হচ্ছে, এটাই তোমাদের জন্য উত্তম ও পবিত্রতম। আল্লাহ্ই জানেন,

اَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٢٣٢﴾ وَالْوَالِدٰتُ يُرْضِعْنَ اَوْلَادَهُنَّ حَوْلَيْنِ كَامِلَيْنِ

আন্তুম্ লা-তা'লামূন্। ২৩৩। অল্ওয়া-লিদা-তু ইয়ুর্দ্বি'না আওলা-দাহুন্না হাওলাইনি কা-মিলাইনি

তোমরা জান না। (২৩৩) মায়েরা আপন সন্তানদেরকে পূর্ণ দু বছর দুধপান করাবে;

لِمَنْ اَرَادَ اَنْ يُّتِمَّ الرَّضَاعَةَ ۗ وَعَلَى الْمَوْلُوْدِ لَهٗ رِزْقُهُنَّ وَكِسْوَتُهُنَّ

লিমান্ আরা-দা আইঁইয়ুতিম্মার্ রাদ্বোয়া-'আহ্; অ'আলাল্ মাওলূদি লাহূ রিয্ক্বুহুন্না অকিস্ওয়া তুহুন্না

যদি দুধপান করাবার পূর্ণ মেয়াদ সমাপ্ত করতে চায়,তবে পিতার কর্তব্য যথানিয়মে তাদের ভরণ

শানেনুযূলঃ আয়াত-২৩৩ ঃ অর্থাৎ মায়েদের উচিত স্বীয় সন্তানদের পূর্ণ দুবছর দুধপান করানো এবং এ সময় পিতার অবশ্য কর্তব্য হল মায়ের অন্ন-বস্ত্র-, নগদ ভাতা ধার্য্য করে দেয়া। মায়েদেরকে সন্তানের কারণে যেন কোন কষ্ট দেয়া না হয়। যেমন, তার নিকট থেকে সন্তানকে আলাদা করে লওয়া, অন্ন-বস্ত্র প্রয়োজনের তুলনায় কম দেয়া এবং পিতাকেও যেন কষ্ট দেয়া না হয়। যেমন, তার নিকট হতে প্রয়োজনাতিরিক্ত খরচ চাওয়া বা সন্তানকে তার উপর ছেড়ে চলে যাওয়া। আর যদি সন্তান পিতৃহীন হয়ে পড়ে, তবে তার উত্তরাধিকারীদের উপর উত্তমরূপেই অন্ন-বস্ত্র ওয়াজিব। আর পিতা-মাতা পরস্পর মতামতের ভিত্তিতে কোন কল্যাণার্থে দু'বছরের পুর্বেই দুধপান ছাড়ালে তাতেও কোন দোষ নেই। আর অন্য কোন নারীর নিকট দুধপান করালেও কোন দোষ নেই। কিন্তু ভাতা ইত্যাদি যা ধার্য করা হয় তা থেকে হ্রাস করা ঠিক নয়।

بِالْمَعْرُوفِ ۚ لَا تُكَلَّفُ نَفْسٌ إِلَّا وُسْعَهَا ۚ لَا تُضَارَّ وَالِدَةٌ بِوَلَدِهَا

বিল্‌মা'রূফ্; লা-তুকাল্লাফু নাফ্‌সুন্ ইল্লা-উস্‌'আহা-লা-তুদ্বোয়া — র্‌রা ওয়া- লিদাতুম্ বিঅলাদিহা-
পোষণ করা, সাধ্যাতীত কাকেও কার্যভার দেয়া হয় না, কোন মাতাকে সন্তানের কারণে ক্ষতিগ্রস্ত করা যাবে না এবং

وَلَا مَوْلُودٌ لَّهُ بِوَلَدِهِ ۚ وَعَلَى الْوَارِثِ مِثْلُ ذَٰلِكَ ۗ فَإِنْ أَرَادَا فِصَالًا

অলা-মাওলূদুল্লাহূ বিঅলাদিহী অ'আলাল্ ওয়া-রিছি মিছ্‌লু যা-লিকা ফাইন্ আরা-দা ফিছোয়া-লান্
পিতাকেও সন্তানের জন্য কষ্ট দেয়া যাবে না। উত্তরাধিকারীর দায়িত্বও অনুরূপ। তবে সম্মতি ও পরামর্শক্রমে

عَن تَرَاضٍ مِّنْهُمَا وَتَشَاوُرٍ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا ۗ وَإِنْ أَرَدتُّمْ أَن تَسْتَرْضِعُوا

'আন তারা-দ্বিম্ মিন্‌হুমা-অতাশা-উরিন্ ফালা-জুনা-হা 'আলাইহিমা-; অইন্ আরাত্‌তুম্ আন্ তাস্‌তারদ্বিউ'~
স্তন্যপান বন্ধ রাখতে চাইলে তাদের কারো পাপ হবে না। আর সন্তানকে ধাত্রী দ্বারা দুধপান করাতে

أَوْلَادَكُمْ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ إِذَا سَلَّمْتُم مَّا آتَيْتُم بِالْمَعْرُوفِ ۗ وَاتَّقُوا اللَّهَ

আওলা-দাকুম্ ফালা-জুনা-হা 'আলাইকুম্ ইযা-সাল্লাম্‌তুম্ মা~ আ-তাইতুম্ বিল্‌মা-রূফ্; অত্তাক্বুল্লা-হা
চাইলেও কোন দোষ নেই; যদি তাকে যা দেয়ার ওয়াদা করেছিলে তা বিধিমত দিয়ে দাও। আল্লাহ্‌কে ভয় কর।

وَاعْلَمُوا أَنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٢٣٤﴾ وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنكُمْ وَيَذَرُونَ

অ'লামূ~ আন্নাল্লা-হা বিমা-তা'মালূনা বাছীর্। ২৩৪। অল্লাযীনা ইয়ুতাওয়াফ্‌ফাওনা মিন্‌কুম্ অইয়াযারূনা
জেনেরাখ যে, আল্লাহ তোমাদের কৃতকর্ম দেখেন। (২৩৪) তোমাদের মধ্যে যারা স্ত্রীদেরকে রেখে মরে যায়,

أَزْوَاجًا يَتَرَبَّصْنَ بِأَنفُسِهِنَّ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا ۖ فَإِذَا بَلَغْنَ أَجَلَهُنَّ فَلَا

আয্‌ওয়া-জ্বাই ইয়াতারাব্বাছ্‌না বিআন্‌ফুসিহিন্না আর্‌বা'আতা আশ্‌হুরিওঁ অ'আশ্‌রান্ ফাইযা-বালাগ্‌না আজ্বালাহুন্না ফালা-
তাদের স্ত্রীরা চারমাস দশ দিন ইদ্দত পালন করবে, তারপর তাদের ইদ্দত পূর্ণ হলে প্রচলিত

جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ فِي أَنفُسِهِنَّ بِالْمَعْرُوفِ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ

জুনা-হা 'আলাইকুম্ ফী মা-ফা'আল্‌না ফী~ 'আন্‌ফুসিহিন্না বিল্‌মা'রূফ্; অল্লা-হু বিমা-তা'মালূনা
নিয়মানুসারে তারা যা করবে, তাতে তোমাদের কোন পাপ হবে না। তোমাদের কৃতকর্ম সম্বন্ধে আল্লাহ

خَبِيرٌ ﴿٢٣٥﴾ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا عَرَّضْتُم بِهِ مِنْ خِطْبَةِ النِّسَاءِ أَوْ

খাবীর্। ২৩৫। অলা-জুনা-হা 'আলাইকুম্ ফীমা- 'আর্ রাদ্বতুম্ বিহী মিন্ খিত্‌বাতিন নিসা — য়ি আও
অবহিত। (২৩৫) আর যদি সে নারীদেরকে ইংগিতে বিয়ের প্রস্তাব পাঠায় বা অন্তরে গোপন রাখে, তাতে তোমাদের

তাৎপর্যঃ মা যখন বিবাহ বন্ধনে আবদ্ধ থাকে বা তালাকের ইদ্দতে থাকে এবং কোন কারণে অক্ষম না হলে সন্তানকে কোন পারিশ্রমিক ছাড়াই দুধপান করানো আল্লাহর পক্ষ হতে তার দায়িত্বে ওয়াজিব। আর তালাকের পর ইদ্দতও শেষ হয়ে গেলে পারিশ্রমিক ছাড়া দুধ দেয়া মায়ের উপর ওয়াজিব নয়। মাসয়ালা– মা দুধপানে অস্বীকৃতি জানালে তাতে বুঝতে হবে মূলত দুধপান করাতে সে অক্ষম, তখন তাকে বাধ্য করা অবৈধ; অবশ্য সন্তান অন্য কারোর দুধপান না করলে তখন মাকে বাধ্য করা যাবে। মাসয়ালা– মা দুধপান করাতে প্রস্তুত থাকলে এবং তার দুধে কোন অপকারও না হলে সন্তানকে অন্য ধাত্রির নিকট দুধপান করানো পিতার জন্য না জায়েয, কিন্তু অপকার হলে মাকে দুধপান করাতে না দেয়া এবং অন্য রমনীর নিকট দুধপান করাতে দেয়া পিতার জন্য বৈধ হবে।

أَكْنَنتُمْ فِيٓ أَنفُسِكُمْ ۚ عَلِمَ ٱللَّهُ أَنَّكُمْ سَتَذْكُرُونَهُنَّ وَلَٰكِن لَّا

আক্‌নান্‌তুম্ ফী ~ আন্‌ফুসিকুম্; 'আলিমাল্লা-হু আন্নাকুম্ সাতায্‌কুরূনাহুন্না অলা-কিল্লা-
কোন পাপ হবে না। আল্লাহ জানেন যে, তোমরা তাদের ব্যাপারে আলোচনা করবে, তোমরা বৈধভাবে

تُوَاعِدُوهُنَّ سِرًّا إِلَّآ أَن تَقُولُوا۟ قَوْلًا مَّعْرُوفًا ۖ وَلَا تَعْزِمُوا۟ عُقْدَةَ

তুওয়া-'ই দূহুন্না সির্‌রান্ ইল্লা ~ আন্‌তাক্বূলূ ক্বাওলাম্ মা'রূফা-; অলা-তা'যিমূ'উক্বূ দাতান
আলোচনা করতে পার কিন্তু গোপনে কোন প্রতিশ্রুতি দিও না; ইদ্দতপূর্ণ না হওয়া পর্যন্ত বিবাহ বন্ধনে

ٱلنِّكَاحِ حَتَّىٰ يَبْلُغَ ٱلْكِتَٰبُ أَجَلَهُۥ ۚ وَٱعْلَمُوٓا۟ أَنَّ ٱللَّهَ يَعْلَمُ مَا فِىٓ أَنفُسِكُمْ

নিকা-হি হাত্তা- ইয়াব্‌লুগাল্ কিতা-বু আজ্বালাহূ; ওয়া'লামূ ~ আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফী ~ আন্‌ফুসিকুম্
আবদ্ধ হবার সংকল্প করো না। জেনেরাখ যে, আল্লাহ তোমাদের অন্তরের সবকিছু জানেন;

৩০ ع ৪ ১৪ রুকু

فَٱحْذَرُوهُ ۚ وَٱعْلَمُوٓا۟ أَنَّ ٱللَّهَ غَفُورٌ حَلِيمٌ ﴿٢٣٦﴾ لَّا جُنَاحَ عَلَيْكُمْ إِن

ফাহ্‌যারূহু ওয়া'লামূ ~ আন্নাল্লা-হা গাফূরুন্ হালীম্। ২৩৬। লা-জুনা-হা 'আলাইকুম্ ইন্
সুতরাং তোমরা ভয় কর, জেনেরাখ যে, আল্লাহ ক্ষমাশীল, সহিষ্ণু। (২৩৬) যদি সহবাস করবার পূর্বে অথবা

طَلَّقْتُمُ ٱلنِّسَآءَ مَا لَمْ تَمَسُّوهُنَّ أَوْ تَفْرِضُوا۟ لَهُنَّ فَرِيضَةً ۖ وَمَتِّعُوهُنَّ ۚ عَلَى

ত্বোয়াল্লাক্বূ তুমুন্নিসা — য়া মা-লাম্ তামাস্‌সূহুন্না আও তাফ্‌রিদূ লাহুন্না ফারীদ্বোয়াতাওঁ অমাত্তি'উ হুন্না 'আলাল
মোহ্‌র ধার্য করার পূর্বেই স্ত্রীদেরকে তালাক দাও, তবে কোন পাপ হবে না। তোমরা তাদের কিছু খরচ দেবে। আর

ٱلْمُوسِعِ قَدَرُهُۥ وَعَلَى ٱلْمُقْتِرِ قَدَرُهُۥ ۚ مَتَٰعًۢا بِٱلْمَعْرُوفِ ۖ حَقًّا عَلَى

মূসি'ই ক্বাদারুহূ অ'আলাল্ মুক্বতিরি ক্বাদারুহূ, মাতা-'আম্ বিল্ মা'রূফি, হাক্বূ ক্বান্ 'আলাল্
সম্পদশালীরা তাদের সামর্থ্যানুযায়ী দেবে এবং অসচ্ছল ব্যক্তির সাধ্যানুযায়ী তাদেরকে কিছু উপহার দেবে; এটি পুণ্যবানদের ওপর

ٱلْمُحْسِنِينَ ﴿٢٣٧﴾ وَإِن طَلَّقْتُمُوهُنَّ مِن قَبْلِ أَن تَمَسُّوهُنَّ وَقَدْ فَرَضْتُمْ

মুহসিনীন্। ২৩৭। অইন্ ত্বোয়াল্লাক্বূ তুমূহুন্না মিন্‌ক্বাব্‌লি আন্ তামাস্‌সূ হুন্না অক্বাদ্ ফারাদ্বতুম্ লাহুন্না
কর্তব্য। (২৩৭) আর যদি তাদেরকে মিলনের পূর্বেই তালাক দাও আর মোহর নির্ধারিত করে থাক,

لَهُنَّ فَرِيضَةً فَنِصْفُ مَا فَرَضْتُمْ إِلَّآ أَن يَعْفُونَ أَوْ يَعْفُوَا۟ ٱلَّذِى

ফারী দ্বোয়াতান্ ফানিছ্‌ফু মা-ফারাদ্বতুম্ ইল্লা ~ আইঁ ইয়া'ফূনা আও ইয়া'ফুওয়াল্লাযী
তবে অর্ধেক দিয়ে দাও; অবশ্য যদি স্ত্রীরা দাবি ছেড়ে দেয় বা যার হাতে বিয়ের বন্ধন রয়েছে যদি সে ছেড়ে দেয়

মাসায়ালা– রমণী বিবাহিত থাকলে বা তালাকপ্রাপ্তা কিন্তু ইদ্দত শেষ হয়নি, এ অবস্থায় দুধপান করানোর জন্যে পারিশ্রমিক গ্রহণ অবৈধ। আর ইদ্দত শেষ হয়ে গেলে গ্রহণ করা বৈধ। মাসয়ালা– ইদ্দত শেষ হলে এবং মা দুধপান করাতে পারিশ্রমিক চাইলে আর পিতা সেই পরিমাণ পারিশ্রমিক দিয়ে অন্যকে দুধপান করাতে দিতে চাইলে মা সেজন্য অগ্রগণ্য হবে। অবশ্য মাতা অধিক পারিশ্রমিক চাইলে পিতার জন্য বৈধ হবে, অন্যকে দিয়ে কম পারিশ্রমিকে দুধপান করানো; কিন্তু মাতা চাইলে এতটুকু দাবী করতে পারবে যে, অন্য রমণীকে তার নিকট রেখে দুধপান করান হোক, যাতে সে সন্তান হতে পৃথক না হয়।

بِيَدِهٖ عُقْدَةُ النِّكَاحِ ؕ وَاَنْ تَعْفُوْٓا اَقْرَبُ لِلتَّقْوٰى ؕ وَلَا تَنْسَوُا الْفَضْلَ

বিয়াদিহী 'উক্বূ দাতুন্নিকা-হ্; অআন্ তা'ফূ~ আক্বূ রাবু লিত্তাক্বূ ওয়া-;অলা-তান্সাউল্ ফাদ্বলা
তবে মাফ করে দেয়াই তাক্ওয়ার নিকটবর্তী। তোমরা পরস্পর উদারতা প্রদর্শনে ভুলো না।

بَيْنَكُمْ ؕ اِنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿٢٣٧﴾ حٰفِظُوْا عَلَى الصَّلَوٰتِ وَالصَّلٰوةِ

বাইনাকুম্; ইন্নাল্লা-হা বিমা-তা'মালূনা বাছীর্। ২৩৮। হা-ফিজূ 'আলাছ্ ছলাওয়া-তি ওয়াছ্ছালা-তিল্
আল্লাহ তোমাদের কৃতকর্ম দেখেন। (২৩৮) তোমরা সকল নামায ও মধ্যবর্তী নামাযকে সংরক্ষণ কর।

الْوُسْطٰى ۗ وَقُوْمُوْا لِلّٰهِ قٰنِتِيْنَ ﴿٢٣٩﴾ فَاِنْ خِفْتُمْ فَرِجَالًا اَوْ رُكْبَانًا ۚ فَاِذَآ

উসত্বোয়া-'অক্বূমূ লিল্লা-হি ক্বা-নিতীন্। ২৩৯। ফাইন খিফ্তুম্ ফারিজ্বা-লান্ আও রুক্বা-নান্, ফাইযা~
আর আল্লাহর উদ্দেশে একান্ত বিনীতভাবে দাঁড়াও। (২৩৯) যদি ভয় কর তবে পদাচারী অথবা আরোহী হয়ে; যখন

اَمِنْتُمْ فَاذْكُرُوا اللّٰهَ كَمَا عَلَّمَكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿٢٤٠﴾ وَالَّذِيْنَ

আমিন্তুম্ ফায্কুরুল্লা-হা কামা-'আল্লামাকুম্ মা-লাম তাকূনূ তা'লামূন্। ২৪০। অল্লাযীনা
নিরাপদবোধ কর, আল্লাহকে স্মরণ কর। যেভাবে আল্লাহ শিখিয়েছেন যা তোমরা জানতে না। (২৪০) আর তোমাদের

يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُوْنَ اَزْوَاجًا ۖ وَّصِيَّةً لِّاَزْوَاجِهِمْ مَّتَاعًا اِلَى

ইয়ুতাওয়াফ্ফাওনা মিন্কুম্ অইয়াযারূনা আয্ওয়াজ্বাওঁ, অছিয়্যাতাল লিআয্ওয়া-জ্বিহিম্ মাতা-'আন্ ইলাল্
মধ্যে যারা স্ত্রী রেখে মৃত্যুবরণ করে তারা যেন স্ত্রীদেরকে গৃহ হতে বের না করে তাদের এক বছরের ভরণ-

الْحَوْلِ غَيْرَ اِخْرَاجٍ ۚ فَاِنْ خَرَجْنَ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْ مَا فَعَلْنَ

হাওলি গাইরা ইখ্রা-জ্বিন, ফাইন্ খারাজ্না ফালা-জুনা-হা 'আলাইকুম্ ফী মা- ফা'আল্না
পোষণের ওছীয়ত করে। যদি তারা বের হয়ে যায় আর বিধিমত নিজেদের জন্য কিছু করে, তাতে তোমাদের কোন পাপ নেই

فِيْٓ اَنْفُسِهِنَّ مِنْ مَّعْرُوْفٍ ؕ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٤١﴾ وَلِلْمُطَلَّقٰتِ مَتَاعٌ

ফী~ আন্ফুসিহিন্না মিম্ মা'রূফ; 'অল্লা-হু 'আযীযুন্ হাকীম্। ২৪১। অলিল্ মুত্বোয়াল্লাক্বা-তি মাতা-'উম্
আর আল্লাহ পরাক্রমশালী, মহাবিজ্ঞ। (২৪১) তালাক প্রাপ্তা নারীদের জন্য বিধিমত ভরণ-পোষণ

بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿٢٤٢﴾ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ

বিল্মা'রূফ্; হাক্কূন্ 'আলাল মুত্তাক্বীন্। ২৪২। কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুম্ আ-ইয়া- তিহী লা'আল্লাকুম্
দেয়া মুত্তাকীদের ওপর ফরয। (২৪২) এরূপে আল্লাহ তোমাদের জন্য স্বীয় নিদর্শনাবলী বর্ণনা করেন, যেন তোমরা

শানেনুযূল ঃ আয়াত-২৩৮ ঃ আসরের সময়টা সাধারণতঃ কার্যকলাপের সময় হওয়াতে লোকেরা আসরের নামাযে বিলম্ব করত এবং সূর্যাস্তের সময় সন্নিকট হলে কাজ বন্ধ করে পড়ে লইত। এতে অত্র আয়াত অবতীর্ণ হয়। অপর বর্ণনা মতে রাসূলুল্লাহ্ (ছঃ) যোহরের নামায প্রথম সময়ে পড়ে নিতেন, এটা সাহাবাদের জন্য কঠিন ছিল। তাই অত্র আয়াত অবতীর্ণ হয়। অতএব প্রথম রিওয়ায়েত মতে, 'মধ্যম নামায' এর অর্থ আছরের নামায, আর দ্বিতীয় বর্ণনা মতে, যোহরের নামায; কেননা, এই নামায দিনের মধ্যভাগে পড়তে হয়, তাই একে মধ্যম নামায বলা হয়। আর নামাযের ওয়াক্ত হিসেবে আসরের ওয়াক্ত মধ্যভাগে হয়, সে হিসেবে তাকে মধ্যম নামায বলা হয়। ওয়াক্ত হিসেবে যে কোন ওয়াক্তের নামাযই মধ্যম নামায হিসেবে বিবেচনা করা যেতে পারে বৃত্তাকারে যখন ধরা যায়। তাই প্রতি ওয়াক্তের নামাযকে পাবন্ধি সহকারে পড়া দরকার।

৩১ ع ৭ ১৫ রুকু

تَعْقِلُوْنَ ﴿٢٤٣﴾ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ وَهُمْ اُلُوْفٌ حَذَرَ

তা'ক্বিলূন্। ২৪৩। আলাম্ তারা ইলাল্লাযীনা খারাজূ মিন্ দিয়া-রিহিম্ অ হুম উলূফুন্ হাযারাল্

বুঝতে পার। (২৪৩) আপনি কি তাদেরকে দেখেননি, যারা হাজারে হাজারে দেশ থেকে মৃত্যুভয়ে বের হয়েছিল।

الْمَوْتِ ص فَقَالَ لَهُمُ اللّٰهُ مُوْتُوْا قف ثُمَّ اَحْيَاهُمْ ط اِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى

মাওতি ফাক্বা-লা লাহুমুল্লা-হু মূতূ ছুম্মা আহ্ইয়া-হুম্; ইন্নাল্লা-হা লাযূফাদ্বলিন্ 'আলান

আল্লাহ তাদের বললেন, "মৃত্যুবরণ কর"; তারপর তাদেরকে জীবিত করলেন; নিশ্চয় আল্লাহ মানুষের

النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿٢٤٤﴾ وَقَاتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ

না-সি অলা-কিন্না আক্ছারান্না-সি লা-ইয়াশ্কুরূন্। ২৪৪। অক্বা-তিলূ ফী সাবীলিল্লা-হি

প্রতি বড়ই অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ লোকই কৃতজ্ঞতা স্বীকার করে না। (২৪৪) আর আল্লাহর পথে জিহাদ কর

وَاعْلَمُوْا اَنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢٤٥﴾ مَنْ ذَا الَّذِيْ يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا

অ'লামূ~ আন্নাল্লা-হা সামী'উন 'আলীম্। ২৪৫। মান্যাল্লাযী ইউক্ব্রিদ্বুল্লা-হা ক্বার্দ্বোয়ান্ হাসানান্

এবং জেনে রেখ, আল্লাহ মহা শ্রবণকারী, মহাজ্ঞানী। (২৪৫) এমন কে আছে যে আল্লাহকে উত্তম ঋণ প্রদান

فَيُضٰعِفَهٗ لَهٗۤ اَضْعَافًا كَثِيْرَةً ط وَاللّٰهُ يَقْبِضُ وَيَبْصُۜطُ ص وَاِلَيْهِ

ফাইয়ুদ্বোয়া-'ইফাহূ লাহূ~ আদ্ব'আ-ফান্ কাছীরাহ্; অল্লা-হু ইয়াক্ব্বিদ্বু অইয়াব্সুত্বু অইলাইহি

করবে? আর আল্লাহ তা বহুগুণে বৃদ্ধি করবেন। আল্লাহ্ই সংকুচিত করেন এবং তিনিই সম্প্রসারিত করেন, তাঁরই দিকে

ওয়াক্বফে লাযেম

تُرْجَعُوْنَ ﴿٢٤٦﴾ اَلَمْ تَرَ اِلَى الْمَلَاِ مِنْ بَنِيْۤ اِسْرَآءِيْلَ مِنْ بَعْدِ مُوْسٰى م

তুর্জা'ঊন্। ২৪৬। আলাম্ তারা ইলাল্ মালায়ি মিম্ বানী ~ ইস্রা — য়ীলা মিম্ বা'দি মূসা ।

প্রত্যাবর্তিত হবে। (২৪৬) মূসার পরবর্তী বনী ইসরাঈল নেতাদের দেখেন নি? যখন তারা নবীকে বলল,

اِذْ قَالُوْا لِنَبِيٍّ لَّهُمُ ابْعَثْ لَنَا مَلِكًا نُّقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ط قَالَ

ইয্ ক্বা-লূ লিনাবিয়্যিল্ লা-হুমুব্'আছ লানা-মালিকান্ নুক্বা-তিল্ ফী সাবীলিল্লা-হ্; ক্বা-লা

আমাদের জন্য বাদশাহ নিযুক্ত কর, যেন আল্লাহর পথে যুদ্ধ করতে পারি, তখন নবী বলল,

هَلْ عَسَيْتُمْ اِنْ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ اَلَّا تُقَاتِلُوْا ط قَالُوْا وَمَا لَنَاۤ

হাল্ 'আসাইতুম্ ইন্ কুতিবা 'আলাইকুমুল্ ক্বিতা-লু; আল্লা-তুক্বা-তিলূ ; ক্বা-লূ অমা-লানা~

এমন তো হবে না যে, তোমাদের প্রতি যুদ্ধের বিধান দিলে যুদ্ধ করবে না? বলল, আমাদের কি হয়েছে যে,

اَلَّا نُقَاتِلَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَقَدْ اُخْرِجْنَا مِنْ دِيَارِنَا وَاَبْنَآئِنَا ط فَلَمَّا

আল্লা-নুক্বা-তিলা ফী সাবীলিল্লা-হি অক্বাদ্ উখ্রিজ্না- মিন দিয়া-রিনা-অআব্না — য়িনা; ফালাম্মা-

আল্লাহর পথে যুদ্ধ করব না, অথচ আমরা ও সন্তানরা ঘরবাড়ি হতে বহিষ্কৃত হয়েছি? অতঃপর যুদ্ধের

كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ تَوَلَّوْا إِلَّا قَلِيلًا مِنْهُمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ ۞

কুতিবা 'আলাইহিমুল্ ক্বিতা-লু তাওয়াল্লাও ইল্লা-ক্বালীলাম্ মিন্হুম্; অল্লা-হু 'আলীমুম্ বিজ্জোয়া-লিমীন্।
বিধান দেয়া হলে কিছু সংখ্যক ছাড়া সকলেই ফিরে গেল। আল্লাহ জালিমদের ব্যাপারে সম্যক অবহিত।

وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ اللَّهَ قَدْ بَعَثَ لَكُمْ طَالُوتَ مَلِكًا ۚ قَالُوا ﴿٢٤٧﴾

২৪৭। অক্বা-লা লাহুম্ নাবিয়্যুহুম্ ইন্নাল্লা-হা ক্বাদ্ বা'আছা লাকুম্ ত্বোয়া-লূতা মালিকা-; ক্বা-লূ ~
(২৪৭) নবী তাদেরকে বললেন, আল্লাহ তালূতকে তোমাদের বাদশাহ নিযুক্ত করলেন। তারা বলল, আমাদের

أَنَّىٰ يَكُونُ لَهُ الْمُلْكُ عَلَيْنَا وَنَحْنُ أَحَقُّ بِالْمُلْكِ مِنْهُ وَلَمْ يُؤْتَ سَعَةً

আন্না- ইয়াকূনু লাহুল্ মুল্কু 'আলাইনা- অনাহ্নু আহাক্ব্ক্বু বিল্মুল্কি মিন্হু অলাম্ ইয়ু''তা সা'আতাম্
ওপর তার আধিপত্য কিভাবে হতে পারে? অথচ আমরাই তার চেয়ে বাদশাহীর জন্য বেশি উপযুক্ত। তার প্রচুর সম্পদও

مِنَ الْمَالِ ۚ قَالَ إِنَّ اللَّهَ اصْطَفَاهُ عَلَيْكُمْ وَزَادَهُ بَسْطَةً فِي الْعِلْمِ وَالْجِسْمِ ۖ

মিনাল্ মা-লি; ক্বা-লা ইন্নাল্লা-হাছ্ ত্বোয়াফা-হু 'আলাইকুম্ অযা-দাহূ বাস্ত্বোয়াতান্ ফিল 'ইল্মি অল্জিস্ম্;
নেই; নবী বললেন, আল্লাহ তাকেই মনোনীত করেছেন এবং তাকে অনেক জ্ঞান ও দৈহিক শক্তি দিয়েছেন। আল্লাহ

وَاللَّهُ يُؤْتِي مُلْكَهُ مَنْ يَشَاءُ ۚ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٢٤٨﴾ وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ آيَةَ

অল্লা-হু ইয়ু''তী মুল্কাহূ মাই ইয়াশা —উ; অল্লা-হু ওয়া-সি'উন্ 'আলীম্। ২৪৮। অক্বা-লা লাহুম্ নাবিয়্যুহুম্ ইন্না আ-ইয়াতা
যাকে চান তাকে রাজত্ব দান করেন, আল্লাহ প্রাচুর্যময়, মহাজ্ঞানী। (২৪৮) তাদের নবী আরও বললেন, তার রাজত্বের

مُلْكِهِ أَنْ يَأْتِيَكُمُ التَّابُوتُ فِيهِ سَكِينَةٌ مِنْ رَبِّكُمْ وَبَقِيَّةٌ مِمَّا تَرَكَ

মুল্কিহী~ আই ইয়া''তিয়াকুমুত্ তা-বূতু ফীহি সাকীনাতুম্ মির্ রব্বিকুম্ অবাক্বিয়্যাতুম্ মিম্মা- তারাকা
নিদর্শন হলো তোমাদের কাছে একটি সিন্দুক আসবে, যাতে আছে রবের পক্ষ হতে শান্তি এবং

آلُ مُوسَىٰ وَآلُ هَارُونَ تَحْمِلُهُ الْمَلَائِكَةُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لَكُمْ

আ-লু মূসা-ওয়াআ-লু হা-রূনা তাহ্মিলুহুল্ মালা —য়িকাহ্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল্লাকুম্
মূসা ও হারূনের বংশধরদের পরিত্যক্ত বস্তু, ফেরেশতারা তা বহন করবে, এতে তোমাদের জন্য নিদর্শন

إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿٢٤٩﴾ فَلَمَّا فَصَلَ طَالُوتُ بِالْجُنُودِ ۙ قَالَ إِنَّ اللَّهَ مُبْتَلِيكُمْ

ইন্ কুনতুম্ মু''মিনীন্। ২৪৯। ফালাম্মা-ফাছোয়ালা ত্বোয়া-লূতু বিল্জুনূ দি ক্বা-লা ইন্নাল্লা-হা মুব্তালীকুম্
আছে যদি তোমরা মু'মিন হও। (২৪৯) যখন তালূত সৈন্য নিয়ে বের হলেন; তখন তিনি বললেন, আল্লাহ নদী দিয়ে

بِنَهَرٍ ۚ فَمَنْ شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّي ۚ وَمَنْ لَمْ يَطْعَمْهُ فَإِنَّهُ مِنِّي إِلَّا مَنِ

বিনাহারিন্ ফামান্ শারিবা মিন্হু ফালাইসা মিন্নী, অমাল্লাম্ ইয়াত্ব্'আম্হু ফাইন্নাহূ মিন্নী~ ইল্লা-মানিগ্
পরীক্ষা করবেন, যে তা হতে পানি পান করবে সে আমার দলভুক্ত নয়। যে পান করবে না সে দলভুক্ত;

৩২ ع ৬ ১৬ রুকু

اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهٖ ۚ فَشَرِبُوْا مِنْهُ اِلَّا قَلِيْلًا مِّنْهُمْ ؕ فَلَمَّا جَاوَزَهٗ هُوَ وَالَّذِيْنَ

তারাফা গুর্ফাতাম্ বিয়াদিহী, ফাশারিবূ মিন্হু ইল্লা-ক্বালীলাম্ মিন্হুম্ ; ফালাম্মা-জ্বা-ওয়াযাহূ হুওয়া অল্লাযীনা

তবে নিজ হাতের এক অঞ্জলি ভরে সামান্য পান করলে তার কোন দোষ হবে না। অল্পসংখ্যক ছাড়া সকলেই পান

اٰمَنُوْا مَعَهٗ ۙ قَالُوْا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوْتَ وَجُنُوْدِهٖ ؕ قَالَ الَّذِيْنَ يَظُنُّوْنَ

আ-মানূ মা'আহূ ক্বা-লূ লা-ত্বোয়া-ক্বাতা লানাল্ ইয়াওমা বিজ্বা-লূতা অজ্বুনূদিহ্; ক্বা-লাল্লাযীনা ইয়াজুন্নূনা

করল। পরে মুমিনরা নদী পার হলেন; তারা বলল, আজ জালূত ও তার সেনা বাহিনীর বিরুদ্ধে যুদ্ধের শক্তি আমাদের

اَنَّهُمْ مُّلٰقُوا اللّٰهِ ۙ كَمْ مِّنْ فِئَةٍ قَلِيْلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيْرَةًۢ بِاِذْنِ اللّٰهِ ؕ

আন্নাহুম্ মুলা-কূল্লা-হি কাম্ মিন্ ফিয়াতিন্ ক্বালী লাতিন্ গালাবাত্ ফিয়াতান্ কাছীরাতাম্ বিইয্নিল্লা-হ্;

নেই। যারা আল্লাহর সঙ্গে সাক্ষাতে বিশ্বাসী তারা বলল, আল্লাহর নির্দেশে কত ক্ষুদ্রদল কত বড় দলকে পরাজিত করেছে।

وَاللّٰهُ مَعَ الصّٰبِرِيْنَ ﴿۲۴۹﴾ وَلَمَّا بَرَزُوْا لِجَالُوْتَ وَجُنُوْدِهٖ قَالُوْا رَبَّنَاۤ اَفْرِغْ

অল্লা-হু মা'আছ্ ছোয়া-বিরীন্। ২৫০। অলাম্মা-বারাযূ লিজ্বা-লূতা অজ্বুনূদিহী ক্বা-লূ রব্বানা~ আফ্রিগ্

আল্লাহ ধৈর্যশীলদের সঙ্গে আছেন। (২৫০) তারা জালূত ও তার সেনাবাহিনীর সম্মুখীন হয়ে বলল; হে আমাদের রব!

عَلَيْنَا صَبْرًا وَّثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ۗ

'আলাইনা-ছোয়াব্রাওঁ অছাব্বিত্ আক্বদা-মানা-অন্ছুর্না-'আলাল্ ক্বাওমিল্ কা-ফিরীন্।

আমাদেরকে ধৈর্য দিন, পা অটল রাখুন আর কাফেরের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।

﴿۲۵۱﴾ فَهَزَمُوْهُمْ بِاِذْنِ اللّٰهِ ۙ وَقَتَلَ دَاوٗدُ جَالُوْتَ وَاٰتٰىهُ اللّٰهُ الْمُلْكَ

২৫১। ফাহাযামূ হুম্ বিইয্নিল্লা-হি অক্বাতালা দা-ঊদু জ্বা-লূতা অআ-তা-হুল্লাহুল্ মুল্কা

(২৫১) তারপর আল্লাহর হুকুমে তাঁরা তাদের পরাজিত করলেন; এবং দাউদ জালূতকে হত্যা করলেন,

وَالْحِكْمَةَ وَعَلَّمَهٗ مِمَّا يَشَآءُ ؕ وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ بَعْضَهُمْ

অল্ হিক্মাতা অআল্লামাহূ মিম্মা-ইয়াশা —উ; অলাও লা- দাফ্'উল্লা-হিন্ না-সা বা'দ্বোয়াহুম্

আল্লাহ তাঁকে রাজত্ব ও হিকমত দান করলেন; এবং ইচ্ছামত তাঁকে শিখালেন, আল্লাহ যদি দমন না করতেন

بِبَعْضٍ لَّفَسَدَتِ الْاَرْضُ وَلٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ عَلَى الْعٰلَمِيْنَ ۗ

বিবা'দ্বিল্ লা ফাস্সাদাতিল্ আর্দ্বু অলা-কিন্নাল্লা-হা যূ ফাদ্বলিন্ 'আলাল্ 'আ-লামীন্।

মানুষের একদলকে দিয়ে অন্যদল তবে পৃথিবী বিপর্যস্ত হয়ে যেত। কিন্তু আল্লাহ করুণাময় বিশ্ববাসীর জন্য।

﴿۲۵۲﴾ تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ؕ وَاِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ۗ

২৫২। তিল্কা আ-ইয়া-তুল্লা-হি নাত্লূহা-'আলাইকা বিল্হাক্বি ; অইন্নাকা লামিনাল্ মুর্সালীন্।

(২৫২) এটি আল্লাহর আয়াত, যা যথাযথভাবে আবৃত্তি করেছি, আপনি অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত।